অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/17/2023 **গভর্নর ক্যাথি হোকল**

উচ্চ দক্ষতাসম্পন্ন অভিবাসীদেরকে কর্মসংস্থান খুঁজতে সাহায্য করার জন্য স্টেটজুড়ে কর্মসূচি সম্প্রসারণ সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

4.38 মিলিয়ন ডলারের অনুদান নিউ ইয়র্কে উচ্চ দক্ষতাসম্পন্ন অভিবাসীদের পেশাগত প্রশিক্ষণ এবং চাকরিতে প্লেসমেন্টের ক্ষেত্রে সহায়তা করবে

উচ্চ-দক্ষতাসম্পন্ন অভিবাসীদের জন্য পেশাগত পাথওয়ে কর্মসূচির সম্প্রসারণ অভিবাসীদের জন্য কর্মীদের উন্নয়ন কর্মসূচি শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার সঙ্গে যোগ হচ্ছে

গভর্নর ক্যাথি হোকল আজ নতুন আমেরিকানদেরকে তাদের দক্ষতা ও অভিজ্ঞতার সঙ্গে মিলে যায় এমন কর্মসংস্থান খুঁজে নিতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক স্টেটের উচ্চ দক্ষতাসম্পন্ন অভিবাসীদের জন্য পেশাগত পাথওয়ে (New York State Professional Pathways for High-Skilled Immigrants) কর্মসূচি সম্প্রসারণ করার ঘোষণা দিয়েছেন। এই কর্মসূচি সম্প্রসারণের অংশ হিসেবে নিউ ইয়র্কে ক্রমবর্ধমান সংখ্যক উচ্চ দক্ষতাসম্পন্ন অভিবাসীর জন্য পেশাগত প্রশিক্ষণ এবং কর্মসংস্থান প্রাপ্তির ক্ষেত্রে সহায়তা করার জন্য কমিউনিটিভিত্তিক সেবা প্রদানকারীদেরকে স্টেটের তহবিল থেকে মোট 4.38 মিলিয়ন ডলার অনুদান প্রদান করা হয়েছে। এসব অনুদান তিন বছর সময়ের মধ্যে প্রদান করা হবে এবং নিউ ইয়র্ক স্টেটের অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans) কর্তৃক বরাদ্দ করা হচ্ছে। পেশাগত পাথওয়ে কর্মসূচির সম্প্রসারণ অভিবাসীদের জন্য স্টেটের কর্মীদের উন্নয়ন কর্মসূচি শক্তিশালী করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার সঙ্গে যোগ হচ্ছে, যে বিষয়টি 2022 সালের স্টেট অব দ্যা স্টেট ভাষণে প্রথম তুলে ধরা হয়েছিল।

"বহু প্রজন্ম ধরে, নিজেদের ও নিজেদের পরিবারের জন্য একটি উন্নত জীবন গড়ে তুলতে নিউ ইয়র্কে আসা অভিবাসীদের কঠোর পরিশ্রম ও নিবেদিত প্রচেষ্টা আমাদের স্টেটকে আজকের এই রূপ দিয়েছে," **বলেছেন গভর্নর হোকল।** "উচ্চ দক্ষতাসম্পন্ন অভিবাসীদের জন্য পেশাগত পাথওয়ে কর্মসূচি সম্প্রসারণ করার মাধ্যমে, আমরা আমাদের স্টেটে নতুন আমেরিকানদের জন্য আমাদের সহায়তা শক্তিশালী করছি এবং অভিবাসীদেরকে কর্মীদলে যোগ দেওয়া এবং নিউ ইয়র্কের স্বপ্ন পূরণে সচেষ্ট হওয়ার জন্য তাদের প্রয়োজনীয় হাতিয়ারগুলোর সঙ্গে সংযুক্ত করছি।"

2021 সালে প্রথম চালু হওয়া NYS পেশাগত পাথওয়ে কর্মসূচি প্রার্থীদের স্ক্রিনিং, প্রশিক্ষণ এবং/অথবা পুনরায় ক্রেডেনশিয়াল প্রদান করা এবং স্টেটজুড়ে উচ্চ প্রয়োজন থাকা অঞ্চলগুলোতে নিম্ন-আয়ের অভিবাসীদের জন্য কর্মসংস্থান প্রাপ্তির সুযোগ-সুবিধা শনাক্ত করার মাধ্যমে উচ্চ দক্ষতাসম্পন্ন অভিবাসীদেরকে পেশাগত উন্নয়নের ক্ষেত্রে প্রতিবন্ধকতাগুলো অতিক্রম করতে সাহায্য করে। এই কর্মসূচি নিউ ইয়র্ক স্টেটে বর্তমানে উচ্চ দক্ষতাসম্পন্ন কর্মীর প্রয়োজন রয়েছে এমন খাতগুলোর জন্য সুনির্দিষ্টভাবে তৈরি করা হয়েছে, যেসব খাতের মধ্যে স্থাপত্য, প্রকৌশল, তথ্য প্রযুক্তি, শিক্ষা, সোশ্যাল ওয়ার্ক, অর্থনীতি, ব্যবসা ব্যবস্থাপনা ও সাংবাদিকতা অন্তর্ভুক্ত রয়েছে।

পেশাগত পাথওয়ে কর্মসূচি ইতোমধ্যে এটির প্রথম বছরে নিউ ইয়র্ক স্টেটের বহু অভিবাসীর জন্য চমৎকার সাফল্য নিয়ে এসেছে। 31 জানুয়ারি, 2023 তারিখ পর্যন্ত, পেশাগত পাথওয়ে কর্মসূচির নেতৃস্থানীয় সংস্থা আপওয়ার্ডলি গ্লোবালের (Upwardly Global) তথ্য অনুযায়ী, 282 জন চাকরি প্রত্যাশী এই কর্মসূচিতে ভর্তি হয়েছেন এবং যুক্তরাষ্ট্রের চাকরির প্রস্তুতি সংক্রান্ত প্রশিক্ষণ ও কোচিং পেয়েছেন, এবং 44 জন চাকরি প্রত্যাশী পেশাগত পর্যায়ের অবস্থানে নিযুক্ত হয়েছেন এবং প্লেসমেন্ট চলমান রয়েছে। এই কর্মসূচির অংশগ্রহণকারীদেরকে অবশ্যই যুক্তরাষ্ট্রে কাজ করার জন্য অনুমোদনপ্রাপ্ত হতে হবে।

অফিস ফর নিউ আমেরিকান্স (Office for New Americans, ONA) কর্তৃক বরাদ্দকৃত এসব নতুন, সম্প্রসারণকৃত অনুদানের আওতায়, আপওয়ার্ডলি গ্লোবালকে কর্মসূচি সম্পর্কে দিকনির্দেশনা এবং ONA জব কোচদের একটি নেটওয়ার্ককে স্টেটজুড়ে প্রযুক্তিগত সহায়তা প্রদান করার মাধ্যমে পেশাগত পাথওয়ে কর্মসূচির নেতৃস্থানীয় সংস্থা হিসেবে কার্যক্রম অব্যাহত রাখার জন্য তহবিল প্রদান করা হবে। সেইসাথে, অন্যান্য অলাভজনক সংস্থাগুলোকে স্টেটের বিভিন্ন অঞ্চলে ONA জব কোচ সংস্থা হিসেবে দায়িত্ব পালনের জন্য তহবিল প্রদান করা হবে, যেখানে লং আইল্যান্ড এই কর্মসূচি সম্প্রসারণের আওতায় নতুন অঞ্চল হিসেবে যোগ হয়েছে।

নিম্নলিখিতরা পেশাগত পাথওয়ে কর্মসূচির অংশীদার:

- স্টেটজুড়ে নেতৃস্থানীয় সংস্থা: আপওয়ার্ডলি গ্লোবাল
- ONA জব কোচ - ব্রুকলিন/কুইন্স: আপওয়ার্ডলি গ্লোবাল
- ONA জব কোচ - ব্রঙ্কস, ম্যানহাটন, স্ট্যাটেন আইল্যান্ড: আপওয়ার্ডলি গ্লোবাল
- ONA জব কোচ - রাজধানী অঞ্চল: ইউ.এস. কমিটি ফর রিফিউজি অ্যান্ড ইমিগ্র্যান্টস
- ONA জব কোচ - সেন্ট্রাল NY: ইন্টারফেইথ ওয়ার্কস
- ONA জব কোচ - লং আইল্যান্ড: কেন্দ্রীয় আমেরিকান রিফিউজি কেন্দ্র (CARECEN)
- ONA জব কোচ - মোহাক ভ্যালি: দ্যা সেন্টার
- ONA জব কোচ - ওয়েস্টার্ন NY: ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলো

পেশাগত পাথওয়ে কর্মসূচি সম্পর্কে আরো তথ্য এবং কীভাবে আবেদন করতে হবে সে তথ্য এখানে পাওয়া যাবে।

নিউ ইয়র্ক স্টেটের সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "নিউ ইয়র্কে, আমরা অভিবাসীদের এবং আমাদের স্টেট ও দেশের জন্য তাদের সমস্ত অবদানের গুরুত্বকে স্বীকৃতি দেই। তবুও, অনেক বেশি নতুন আমেরিকান অসংখ্য প্রতিবন্ধকতার সম্মুখীন হয় যা তাদের নিজেদের ও নিজেদের পরিবারের জন্য উন্নত জীবন গড়ে তোলাকে কঠিন করে তুলেছে। অফিস ফর নিউ আমেরিকান্স-এর পেশাগত পাথওয়ে কর্মসূচি সম্প্রসারণ করার মাধ্যমে আমরা নিউ ইয়র্কের অভিবাসীদের ক্ষমতায়ন ও উন্নতিসাধন করছি এবং তাদেরকে বর্তমান চাকরির বাজারে সফল হওয়া ও সমৃদ্ধি অর্জনের জন্য তাদের প্রয়োজনীয় দক্ষতা ও সংস্থানসমূহ প্রদান করছি।"

আপওয়ার্ডলি গ্লোবালের প্রেসিডেন্ট ও CEO জিনা ক্রাউস-ভিলমার বলেন, "যুক্তরাষ্ট্রে নিজেদের জীবন ও ক্যারিয়ার পুনরায় শুরু করতে যাওয়া অভিবাসী ও শরণার্থীদেরকে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটের প্রচেষ্টায় নেতৃত্ব দিতে পারা একটি সম্মানজনক বিষয়। নবাগতরা প্রায় ক্ষেত্রেই নিজেদের দেশ থেকে বিস্তৃত শিক্ষা ও অভিজ্ঞতা সঙ্গে নিয়ে আসেন কিন্তু যুক্তরাষ্ট্রের চাকরি বাজারে নিজেদের দক্ষতার মূল্যায়ন হতে দেখেন না। পেশাগত পাথওয়ে কর্মসূচির সম্প্রসারণ অভিবাসী ও শরণার্থী কমিউনিটির সম্ভাবনা উন্নত করার জন্য একটি ব্যতিক্রমী মডেল হিসেবে কাজ করছে, যা আপওয়ার্ডলি গ্লোবালে আমাদের কাজের একটি স্তম্ভ।"

ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলোর (International Institute of Buffalo) এক্সিকিউটিভ ডিরেক্টর জেনিফার রিজো-চোই বলেন, "পেশাগত পাথওয়ে কর্মসূচির সঙ্গে ONA জব কোচ অংশীদার হিসেবে কাজ করা অব্যাহত রাখতে পেরে ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট অব বাফেলো আনন্দিত। এই কর্মসূচি ওয়েস্টার্ন নিউ ইয়র্ক অঞ্চলে দারুণ সফলতা পেয়েছে। 2021 সাল থেকে, 45 জন অংশগ্রহণকারীকে এই কর্মসূচিতে গ্রহণ করা হয়েছে এবং 13 জন তাদের কাজের মূল খাতগুলোতে কর্মসংস্থান খুঁজে পেয়েছেন, যার মধ্যে মেডিকেল, আইটি, ফিন্যান্স, ও সোশ্যাল ওয়ার্ক অন্তর্ভুক্ত রয়েছে। আমরা অফিস ফর নিউ আমেরিকান্স-এর সঙ্গে আমাদের অংশীদারিত্বকে গুরুত্ব দিই এবং এই অত্যন্ত গুরুত্বপূর্ণ কর্মসূচির অব্যাহত বেড়ে উঠার জন্য উচ্ছসিত।"

নিউ ইয়র্ক স্টেটের পেশাগত পাথওয়ে কর্মসূচিতে অংশগ্রহণকারী জুয়ান বেলট্রান ক্যারানজা বলেন, "আমেরিকাতে আমার প্রথম চাকরি খুঁজে পাওয়ার সময় আপওয়ার্ডলি গ্লোবাল আমার সবচেয়ে ভালো বন্ধুর ভূমিকা পালন করেছে; আমি এই কোম্পানির সবার প্রতি কৃতজ্ঞ, তবে বিশেষ করে আমার জব কোচের প্রতি কৃতজ্ঞ, যিনি আমাদেরকে সঠিক দিকনির্দেশনা দিয়েছেন এবং আমার সব সন্দেহ কিভাবে নিরসন করতে হবে তা জানতেন। আমি সত্যিই কৃতজ্ঞ, এবং আমি জানি যে আমি সবসময় আমার সব অভিবাসী বন্ধুদের কাছে আপওয়ার্ডলি গ্লোবালকে সুপারিশ করবো কারণ এই যাত্রা আমাদের জন্য অতটা সহজ কিছু নয়। আপনাদের অবদানের কারণে, আমরা আমাদের স্বপ্ন ও লক্ষ্যগুলো পূরণ করতে পারছি।"

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন (New York Immigration Coalition)-এর এক্সিকিউটিভ ডিরেক্টর মুরাদ আওয়াদেহ বলেন, "ইতিহাসব্যাপী নিউ ইয়র্ক স্টেটকে গড়ে তোলার জন্য অভিবাসীদের অত্যন্ত গুরুত্বপূর্ণ অবদানকে স্বীকৃতি দেওয়ার জন্য আমরা গভর্নর

হোকলকে ধন্যবাদ জানাই। আমাদের নবাগতদের কমিউনিটিতে বিনিয়োগ করার মাধ্যমে, তিনি আরো বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসী যাতে কর্মীদলে প্রবেশ করার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে পারে এবং বর্তমান ও ভবিষ্যতের অর্থনীতিকে সমৃদ্ধ করে তুলতে পারে সে বিষয়টি নিশ্চিত করছেন। সঠিক কর্মসংস্থান খুঁজে নেওয়া একটি মানসম্মত জীবন গঠন, পরিবার ও কমিউনিটিগুলোকে স্থিতিশীল করা, এবং একইসাথে নিউ ইয়র্কের ব্যবসা প্রতিষ্ঠানগুলো এবং আমাদের অর্থনীতির স্বাস্থ্য নিশ্চিত করার একটি অপরিহার্য অংশ।"

নিউ ইয়র্ক স্টেট অফিস ফর নিউ আমেরিকান্স, যা 2012 সালে প্রতিষ্ঠিত, হল দেশের প্রথম বিধিবদ্ধভাবে তৈরি অভিবাসী পরিষেবার অফিস। ONA সমস্ত নতুন আমেরিকানদের বিভিন্ন ধরনের বিনামূল্যের পরিষেবা অ্যাক্সেস এবং নেভিগেট করতে সহায়তা করে এবং সম্প্রদায়ভিত্তিক প্রদানকারীদের তার রাজ্যব্যাপী নেটওয়ার্কের মাধ্যমে সহায়তা করে।

সহায়তার প্রয়োজন এমন অভিবাসীদের জন্য বা ONA-এর প্রোগ্রামগুলির সাথে সংযোগ করতে, নিউ আমেরিকানস হটলাইনে কল করুন 1-800-566-7636 নম্বরে সকাল 9:00 থেকে রাত 8:00 পর্যন্ত, সোমবার থেকে শুক্রবার। সমস্ত কল গোপনীয় রাখা হয়। 200 টির বেশি ভাষায় সাহায্য পাওয়া যাবে। আরো তথ্যের জন্য, https://dos.ny.gov/office-new-americans-এ ভিজিট করুন অথবা ONA-কে অনুসরণ করুন টুইটারে (Twitter) @NYSNewAmericans-এ অথবা ফেসবুকে (Facebook) https://www.facebook.com/NYSNewAmericans-এ।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418